

10

ঢাকা বিশ্ববিদ্যালয়

### ক্রিকেট খেলাকে কেন্দ্র করে শিক্ষক প্রহৃত গাড়ীতে অগ্নিসংযোগ

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

গতকাল শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তঃ বিভাগ ক্রিকেট ফাইনাল খেলাকে কেন্দ্র করে একজন শিক্ষক প্রহৃত ও বেশ ক'জন ছাত্র আহত হয়েছেন এবং একটি প্রাইভেট কার জালিয়ে দেয়া হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনা ও ফিন্যান্স বিভাগের মধ্যে অনুষ্ঠিত এই ক্রিকেট খেলায় ফিন্যান্স বিভাগ ১ রানে পরাজিত হলে ঐ বিভাগের কিছু উচ্ছ্বাল ছাত্র (শেষ পৃ: ৬-এর ক: দেখুন)

ঢাকা বিশ্ববিদ্যালয়

(১ম পাতার পর)

আপ্পায়ার এস, বি চৌধুরী শিশিরকে উইকেট হাতে ভাঙা করে। বিশ্ববিদ্যালয় স্পোর্টস কমিটির চেয়ারম্যান অধ্যাপক আবদুল মোমিন চৌধুরী তাদেরকে বাধা দেন।

পরে উভয় বিভাগের ছাত্রদের মধ্যে হামলা ও পাল্টা হামলা এবং ইটপাটিকেল ছোড়া-ছুড়ি হয়। এ সময় ব্যবস্থাপনা বিভাগের শিক্ষক মেলিম ভূঁইয়া প্রহৃত হন ও অধ্যাপক আবদুল মোমিন চৌধুরীর গাড়ী (ঢাকা গ-৭৭৫৭) জালিয়ে দেয়া হয়। পরে কর্তৃপক্ষের আহ্বানে পুলিশ ঘটনাস্থলে আসে ও পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।